

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১৫৩ পাইওনিয়ার রোড, সেগুন বাগিচা, ঢাকা
www.gsb.gov.bd

নং-২৮.০৫.০০০০.০০৪.০১.০৭৮(ডিস)-১৪. ১০৯৬

তারিখ : ১৬ পৌষ ১৪৩০
৩১ ডিসেম্বর ২০২৩

অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ সাইফুল ইসলাম, ড্রিলিং সহকারী গ্রেড-২, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর এর কার্যভার গত ২৩/০৪/২০২৩ তারিখ বগুড়া ক্যাম্প অফিসে বন্টন করা হয়। কার্যভার বন্টন করা সত্ত্বেও তিনি বগুড়া ক্যাম্প অফিসে যোগদান করেননি। প্রাথমিক তদন্তে জনাব মোঃ সাইফুল ইসলাম, ড্রিলিং সহকারী গ্রেড-২, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর এর বগুড়া ক্যাম্প অফিসে যোগদান না করার বিষয়টি প্রমাণিত হয়েছে; এবং

০২। যেহেতু, তার উপর্যুক্ত কার্যকলাপ সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমাতে 'অসদাচরণ' এর শামিল এবং শাস্তিযোগ্য অপরাধ; এবং

০৩। যেহেতু, তাকে সরকারী কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমাতে 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলা ০১/২০২৩ এর প্রেক্ষিতে গত ২৭/০৭/২০২৩ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণপূর্বক কারণ দর্শানোর নির্দেশনা প্রদান করা হয়; এবং


০৪। যেহেতু, তিনি অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রাপ্তির পর লিখিত জবাব প্রেরণ করেন এবং ব্যক্তিগত আর্জি পেশ করার ইচ্ছা পোষণ করেন; এবং

০৫। যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানিতে স্বশরীরে উপস্থিত হয়ে তার বক্তব্য উপস্থাপন করেন, যা তার স্বাক্ষরসহ লিপিবদ্ধ করা হয়। তার দাখিলকৃত লিখিত জবাব এবং ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য পর্যালোচনাক্রমে দেখা যায় যে, বগুড়া ক্যাম্প অফিসে তার কার্যভার বন্টনের আদেশ সত্ত্বেও তিনি বগুড়া ক্যাম্প অফিসে যোগদান করেননি, যার প্রেক্ষিতে অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তিনি দন্ড পাওয়ার যোগ্য।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

০৬। সেহেতু, অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ সাইফুল ইসলাম, ড্রিলিং সহকারী গ্রেড-২, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর কর্তৃক নিঃশর্ত ক্ষমা প্রার্থনা ও ভবিষ্যতে আর এ ধরনের কর্মকান্ড করবেন না মর্মে জবানবন্দি প্রদান করায় সরকারী কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার ৪(২)(ক) বিধি মোতাবেক তাকে 'তিরস্কার' সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।




(মোহাম্মদ ইলিয়াস হোসেন)
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

নং-২৮.০৫.০০০০.০০৪.০১.০৭৮(ডিস)-১৪.

তারিখ : ১৬ পৌষ ১৪৩০
৩১ ডিসেম্বর ২০২৩

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা;
- ২। উর্দ্ধতন হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা;
- ৩। সদস্যসচিব, ওয়েব কমিটি, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা (জিএসবি'র ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো);
- ৪। প্রশাসনিক কর্মকর্তা-৩, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা (ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য);
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা;
- ৬। জনাব মোঃ সাইফুল ইসলাম, ড্রিলিং সহকারী গ্রেড-২, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।



মোঃ কামরুল আহসান
পরিচালক (ভূতত্ত্ব)
অপারেশন ও সমন্বয় শাখা
ফোন নং: ৪৮৩১৪৮১৩